

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মৎস্য-২ শাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮-৩৩০

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ


**প্রজ্ঞাপন**

ইলিশ সম্পদ সংরক্ষণে Protection and Conservation of Fish Act, 1950 (E.B. Act No. XVIII of 1950) এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 এর rule 13 মোতাবেক আগামী ১৯ আশ্বিন হতে ০৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ (০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ) পর্যন্ত মোট ২২ (বাইশ) দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম নির্ধারণ করা হলো। উক্ত সময়কালে নিম্নবর্ণিত কার্যক্রম নিষিদ্ধ করা হলো:

- ক) চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, কক্সবাজার, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, ঢাকা, শরীয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার নদ-নদী ও মোহনায় ইলিশসহ সকল প্রকার মৎস্য আহরণ;
- খ) গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, কুড়িগ্রাম, গাইবান্ধা, ব্রাহ্মণবাড়িয়া, খুলনা, কুষ্টিয়া, নড়াইল এবং জামালপুর জেলার নদ-নদীতে ইলিশ মাছ আহরণ; এবং
- গ) সারাদেশে ইলিশ মাছ পরিবহন, মজুদকরণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময়।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(ছাইদা আক্তার পাষাণ)  
উপসচিব

নং-৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮-৩৩০(৪৮)

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সিনিয়র সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা;
১০. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, ঢাকা;
১১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
নওগাঁ সদর, নওগাঁ।  
[www.fisheries.naogaonsadar.naogaon.gov.bd](http://www.fisheries.naogaonsadar.naogaon.gov.bd)

স্মারক নং: ৩৩.০২.৬৪৬০.৫০১.২৮.০১০.২৫.২১৭

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর, ২০২৫খ্রি.

## নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২৫ খ্রি. ( ১৯ আশ্বিন হতে ০৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ ) পর্যন্ত মোট ২২ (বাইশ) দিন ইলিশের ডিম ছাড়ার প্রধান মৌসুমে “ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৫” পরিচালিত হবে। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী সরকার ঘোষিত উল্লিখিত সময়ে সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ।


উপর্যুক্ত সময়ে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় বন্ধ রেখে ইলিশ সম্পদের প্রাচুর্য রক্ষায় যথাযথ ভূমিকা রাখার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। অন্যথায় আইন লঙ্ঘনকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক

.....

.....

নওগাঁ সদর, নওগাঁ।

  
(ড. মো: বায়োজিদ আলম)

পরিচিতি নং-০০৪৫৩

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

নওগাঁ সদর, নওগাঁ

ফোন: ০২৫৮৭৭৪৭৩৫৮

ইমেইল:sufonaogaonsadar61@gmail.com

স্মারক নং: ৩৩.০২.৬৪৬০.৫০১.২৮.০১০.২৫.২১৭

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর, ২০২৫খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ।
- ০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
- ০৫। অফিসার ইনচার্জ, মডেল থানা, নওগাঁ সদর, নওগাঁ।
- ০৬। চেয়ারম্যান .....ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ০৬। অফিস কপি।